## অধ্যায়-৩: ভারত উপমহাদেশে মুঘল শাসন (১৫২৬—১৮৫৮ খ্রি.)

১২৮. মুঘল বংশের প্রতিষ্ঠাতা ছিলেন কে? (জ্ঞান)
ক সম্রাট বাবর খ সম্রাট হুমায়ুন
গ সম্রাট আকবর ঘ সম্রাট জাহাঙ্গীর ক

১২৯. বাবরের প্রকৃত নাম কী? (জ্ঞান) [সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, ঢাকা]
ক সিরাজউদ্দীন মুহাম্মদ
খ জহির উদ্দীন মুহাম্মদ
গ আজম উদ্দীন মুহাম্মদ
ঘ সগীর উদ্দীন মাহমুদ খ

১৩০. বাবর কোন ভাষার শব্দ? (জ্ঞান)
ক ফার্সি খ উর্দু
গ পর্তুগিজ ঘ তুর্কি ঘ

১৩১. পানিপথের প্রথম যুদ্ধ কত সালে সংঘটিত হয়? (জ্ঞান)
ক ১৫২৯ খ ১৭২৯
গ ১৫২৬ ঘ ১৭৭৬ গ

১৩২. মেওয়াটের রাজধানীর নাম কী ছিল? (জ্ঞান)
ক গাজিপুর খ কালি
গ হাওড়া ঘ আলওয়ার ঘ

১৩৩. "খানুয়ার যুদ্ধ প্রকৃতপক্ষে ভারতবর্ষের ইতিহাসে একটি চূড়ান্ত নিষ্পত্তিকারী যুদ্ধ ছিল"— এটি কার উক্তি? (জ্ঞান)
ক আর.সি.মজুমদারের
খ কে কে দত্তের
গ ঈশ্বরী টোপার ঘ ঈশ্বরী প্রসাদের ঘ

১৩৪. আইন-ই-আকবরীর রচয়িতা কে? (জ্ঞান) [সরকারি বাঙলা কলেজ, ঢাকা]
ক আকবর খ টোডরমল
গ আবুল ফজল ঘ বীরবল গ

১৩৫. কোন শাসক ভারতবর্ষে প্রথম কামানের ব্যবহার করেন? (জ্ঞান) [শাহ্ মখদুম কলেজ, রাজশাহী]
ক সেকেন্দার আলী খ বাবর
গ হুমায়ুন ঘ আকবর খ

১৩৬. খানুয়ারা যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে যায় কে? (জ্ঞান) [পার্বতীপুর আদর্শ ডিগ্রী কলেজ, দিনাজপুর]
ক রানা সংগ্রাম সিংহ খ রানা প্রতাপ সিংহ
গ রানা জয় সিংহ ঘ রানা উদয় সিংহ ক

১৩৭. সম্রাট হুমায়ুনের সময় বাংলার সুলতান কে ছিলেন? (জ্ঞান)
ক মুজাফফর খান খ টোডরমল
গ শাহ সুজা ঘ নুসরাত শাহ ঘ

১৩৮. 'চৌসার যুদ্ধ কেন সংঘটিত হয়? (অনুধাবন)
ক জাহাঙ্গীর কুলীর বিদ্রোহ দমনে
খ শের খানকে দমন করার জন্য
গ মাহমুদ লোদীকে পরাজিত করার জন্য
ঘ ইব্রাহিম লোদীকে পরাজিত করার জন্য খ

১৩৯. ফরিদকে 'শের খান' উপাধি প্রদান করেন কে? (জ্ঞান)
ক ইব্রাহিম লোদী খ দেলোয়ার খান
গ মাহমুদ খান ঘ বাহার খান ঘ

১৪০. কেন্দ্রীয় শাসন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য শেরশাহ কতজন মন্ত্রী নিযুক্ত করেছিলেন? (জ্ঞান) [রাজশাহী মডেল স্কুল অ্যান্ড কলেজ]
ক ৬ জন খ ৮ জন
গ ১০ জন ঘ ৪ জন ঘ

১৪১. গ্রান্ড ট্রাঙ্ক রোড কে নির্মাণ করেন? (জ্ঞান) [মো: ছুফিউল্লাহ, অনু-৭]
ক শেরশাহ খ আকবর
গ মুহম্মদ বিন তুঘলক ঘ জাহাঙ্গীর ক

১৪২. 'লা-ই-কুহনা মসজিদ' কে নির্মাণ করেন? (জ্ঞান)
ক আকবর খ শেরশাহ
গ আওরঙ্গজেব ঘ জাহাঙ্গীর খ

১৪৩. 'গ্রান্ড ট্রাঙ্ক রোড' কতদূর পর্যন্ত বিস্তৃত ছিল? (জ্ঞান)
ক সোনারগাঁও হতে সিন্ধু অববাহিকা পর্যন্ত
খ আগ্রা হতে বুরহানপুর পর্যন্ত
গ লাহোর হতে মুলতান পর্যন্ত
ঘ আগ্রা হতে দিল্লি পর্যন্ত ক

১৪৪. শাহবাজ খান কে ছিলেন? (জ্ঞান) [বাংলাদেশ নৌবাহিনী কলেজ, চট্টগ্রাম]
ক আকবরের সেনাপতি খ বৈরাম খানের শিষ্য
গ বাবুরের সেনাপতি ঘ মুঘল সম্রাট ক

১৪৫. ফতেহপুর সিক্রিতে ইবাদাত খানা নির্মাণ করেন কে? (জ্ঞান) [বাংলাদেশ নৌবাহিনী কলেজ, চট্টগ্রাম]
ক আকবর খ বাবুর
গ শাহজাহান ঘ আওরঙ্গজেব ক

১৪৬. মনসবদারি প্রথা কে প্রবর্তন করেন? (জ্ঞান) [সকল বোর্ড ২০১৫]
ক সম্রাট বাবুর খ সম্রাট হুমায়ুন
গ সম্রাট আকবর ঘ সম্রাট জাহাঙ্গীর গ

১৪৭. 'রাসনী আন্দোলনের' সূত্রপাত-কোথায় ঘটে? (জ্ঞান)
ক ইরাকে খ ইরানে
গ সিরিয়ায় ঘ আফগানিস্তানে ঘ

১৪৮. কেন পানিপথের দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয়েছিল? (অনুধাবন)
ক বৈরাম খানের ঔদ্ধত্যপূর্ণ আচরণে
খ হিমুর জিঘাংসাপূর্ণ মনোভাবে
গ আবুল ফজলের প্ররোচনায়
ঘ ফৈজীর যুদ্ধংদেহী মনোভাবে খ

Teachingbd.com

১৪৯. রাজমহলের যুদ্ধ কেন সংঘটিত হয়? (অনুধাবন)
ক দাউদ খানের সন্ধি ভঙ্গ করায়
খ দাউদ খান উপঢৌকন প্রদান না করায়
গ দাউদ খান সৈন্য অপসারণ না করায়
ঘ দাউদ খান মুঘলদের রসদ সরবরাহ না করায় ক

১৫০. কাকে 'A child of many prayers' বলা হয়? (জ্ঞান)
ক সম্রাট আকবরকে খ সম্রাট হুমায়ুনকে
গ সম্রাট জাহাঙ্গীরকে ঘ সম্রাট বাবরকে গ

১৫১. জাহাঙ্গীর শব্দের অর্থ কী? (জ্ঞান)
ক ভুবন বিজয়ী খ পৃথিবীর ছায়া
গ পৃথিবীর আলো ঘ পৃথিবীর অভিশাপ ক

১৫২. কার রাজত্বকালে মুঘল চিত্রকলার উন্মেষ ঘটে? (জ্ঞান) [নজিপুর সরকারি কলেজ, নওগাঁ]
ক সম্রাট হুমায়ুন খ সম্রাট আকবর
গ সম্রাট জাহাঙ্গীর ঘ সম্রাট শাহজাহান গ

১৫৩. ভারতীয় সাহিত্যের 'অগাস্টাস যুগ' বলা হয় কোন আমলকে? (জ্ঞান)
ক সম্রাট শাহজাহানের আমল
খ সম্রাট আকবরের আমল
গ সম্রাট জাহাঙ্গীরের আমল
ঘ সম্রাট হুমায়ুনের আমল গ

১৫৪. কেন সম্রাট জাহাঙ্গীরকে 'A child of many prayers' বলা হতো? (অনুধাবন)
ক অনেক সুন্দর ছিলেন বলে
খ জাদুবিদ্যা জানতেন বলে
গ যুদ্ধবিদ্যায় অভিজ্ঞ ছিলেন বলে
ঘ অনেক সাধনার ফলে তার জন্ম হয়েছে বলে ঘ

১৫৫. কেন সম্রাট জাহাঙ্গীর 'Bell of Justice' টানিয়ে দেন? (অনুধাবন)
ক নামাযের সময় জানতে
খ রাজকীয় ফরমান ঘোষণা করতে
গ নিরীহ প্রজাদের অভিযোগ শুনতে
ঘ রাজস্ব আদায়ের খোঁজ খবর নিতে গ

১৫৬. তাজমহল কী? (জ্ঞান) [সেন্ট্রাল উইমেন্স কলেজ, ঢাকা]
ক স্মৃতিসৌধ খ সমাধি সৌধ
গ সমাধি স্তম্ভ ঘ মিনার খ

১৫৭. কোন সম্রাটকে The Prince of Builders আখ্যা দেওয়া হয়েছে? (জ্ঞান) [সেন্ট্রাল উইমেন্স কলেজ, ঢাকা]
ক সম্রাট হুমায়ুন খ সম্রাট আকবর
গ সম্রাট জাহাঙ্গীর ঘ সম্রাট শাহজাহান ঘ

১৫৮. সম্রাট শাহজাহানের প্রাথমিক জীবনের অন্যতম যোগ্যতা ছিল— (অনুধাবন)
ক সাহসিকতা খ মদ্যপায়িতা
গ বিলাসিতা ঘ হেরেমপ্রিয়তা ক

১৫৯. লাল কেল্লা দুর্গ কে নির্মাণ করেন? (জ্ঞান) [ইসলামিয়া কলেজ, রাজশাহী]
ক সম্রাট জাহাঙ্গীর খ সম্রাট আকবর
গ সম্রাট শাহজাহান ঘ সম্রাট আওরঙ্গজেব গ

১৬০. কোন মুঘল সম্রাটকে জিন্দাপীর বলে আখ্যায়িত করা হয়? (জ্ঞান)
ক সম্রাট আওরঙ্গজেব খ সম্রাট আকবর
গ সম্রাট জাহাঙ্গীর ঘ সম্রাট শাহ আলম ক

১৬১. দুর্ধর্ষ মোঙ্গল নেতা কে ছিলেন? (জ্ঞান) [চাঁপাইনবাবগঞ্জ সরকারি মহিলা কলেজ]
ক জালাল উদ্দিন খ খাওয়ারিজম
গ সুলতান মাহমুদ ঘ চেঙ্গিস খান ঘ

১৬২. শিবাজী কোন উপাধি গ্রহণ করেছিলেন? (জ্ঞান) [সেন্ট্রাল উইমেন্স কলেজ, ঢাকা]
ক গণপতি খ ছত্রপতি
গ কোটিপতি ঘ দলপতি খ

১৬৩. মুঘল আমলে প্রজাদের প্রধান উপজীবিকা কী ছিল? (জ্ঞান)
ক কৃষি খ ব্যবসা
গ চাকরি ঘ শিক্ষকতা ক

১৬৪. কেন সম্রাট আকবর তার সাম্রাজ্যকে বিভিন্ন ভাগে ভাগ করেন? (জ্ঞান)
ক সুষ্ঠুভাবে পরিচালনায়
খ সম্মান বৃদ্ধিতে
গ উপঢৌকন প্রাপ্তিতে
ঘ উৎকোচ লাভের আশায় ক

১৬৫. পানিপথের প্রথম যুদ্ধে বাবরের সাফল্যের অন্যতম কারণ কী? (অনুধাবন)
ক ইব্রাহিম লোদীর সৈন্য স্বল্পতার জন্য
খ বাবরের বিশাল সৈন্য বাহিনীর জন্য
গ বাবরের অসীম বীরত্বের জন্য
ঘ ইব্রাহিম লোদীর ভুল সিদ্ধান্তের জন্য গ

১৬৬. হুমায়ুন অর্থ কী? (জ্ঞান)
ক কপালি খ ভাগ্যবান
গ নিয়তি ঘ খুশ নসিব খ

১৬৭. শের খান কোন যুদ্ধে জয়ী হয়ে 'শেরশাহ' উপাধি গ্রহণ করেন? (জ্ঞান)
ক চৌসার যুদ্ধে খ কনৌজের যুদ্ধে
গ মান্দাসোর যুদ্ধে ঘ রাজমহলের যুদ্ধে ক

১৬৮. মনসব শব্দের অর্থ কী?
ক পদমর্যাদা খ প্রদেশ
গ সরকার ঘ সিংহাসন ক

১৬৯. সম্রাট শাহজাহানের স্থাপত্যশিল্পের সর্বশ্রেষ্ঠ কীর্তি কোনটি? (জ্ঞান)
ক তাজমহল খ ময়ূর সিংহাসন
গ মতি মসজিদ ঘ শীষমহল ক

Teachingbd.com

১৭০. নিচের '?' চিহ্নিত স্থানে উত্তরটি হবে—
(প্রয়োগ)




i. গোগরার যুদ্ধ
ii. খানুয়ার যুদ্ধ
iii. ১৫২৭ খ্রিস্টাব্দের যুদ্ধ

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii গ

১৭১. শেরশাহ জমি জরিপব্যবস্থা করেছিলেন—
(অনুধাবন)
i. ন্যায় প্রতিষ্ঠায়
ii. অন্যায় নির্মূলে
iii. আনুগত্য প্রতিষ্ঠায়

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii ঘ

১৭২. সুলহ্-ই-কুল প্রবর্তনের উদ্দেশ্য ছিল— (অনুধাবন)
[সেন্ট্রাল উইমেন্স কলেজ, ঢাকা]
i. হিন্দু সম্প্রদায়ের সন্তুষ্টি অর্জন করা
ii. হিন্দু ও মুসলিম সম্প্রদায়ের মধ্যে নাগরিক বৈষম্য দূর করা
iii. হিন্দুদের সামাজিক কুসংস্কার ও অনাচার দূর করা

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓖ i ও iii ⓘ i,ii ও iii ঘ

১৭৩. সম্রাট জাহাঙ্গীরের কৃতিত্বপূর্ণ ছিল— (অনুধাবন)
i. শিল্প সংস্কৃতির ধারণ
ii. নিপুণ সমরনেতা
iii. অন্যতম বিজেতা

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii ঘ

১৭৪. সম্রাট শাজাহান বিখ্যাত হয়ে আছেন— (অনুধাবন)
[কুমিল্লা মোশাররফ হোসেন খান চৌধুরী বিশ্ববিদ্যালয় কলেজ]
i. তাজমহলের কারণে
ii. পর্তুগিজদের দমনে
iii. ময়ূর সিংহাসন নির্মাণের জন্য

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii ঘ

১৭৫. তাজমহল নির্মাণের উদ্দেশ্য ছিল— (অনুধাবন)
[সেন্ট্রাল উইমেন্স কলেজ, ঢাকা]
i. প্রিয়তমা স্ত্রীর স্মৃতিকে অমর করে রাখা
ii. শাহজাহানের রাজত্বের জাঁকজমক প্রকাশ করা
iii. মুঘল স্থাপত্যের উৎকর্ষ সাধন করা

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓖ i ও iii ⓘ i,ii ও iii গ

১৭৬. সম্রাট আওরঙ্গজেবের দাক্ষিণাত্য নীতির ফলে— (অনুধাবন) [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]
i. রাজকোষে আর্থিক সংকট দেখা দেয়
ii. দাক্ষিণাত্যে সামরিক দুর্বলতা দেখা দেয়
iii. মুঘল সম্রাজ্যের পতন অনিবার্য হয়ে পড়ে

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও iii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii ঘ

১৭৭. মুঘল সাম্রাজ্যের পতনে কাজ করেছে—
(অনুধাবন)
i. শিয়াদের বিরোধিতা
ii. সাম্রাজ্যের বিশৃঙ্খলা
iii. আওরঙ্গজেবের দাক্ষিণাত্য নীতি

নিচের কোনটি সঠিক ?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii ঘ

১৭৮. সম্রাট বাবর তাঁর নামের সার্থকতা প্রমাণ করেন— (অনুধাবন)
i. সিংহের ন্যায় তেজ দ্বারা
ii. বাঘের ন্যায় তেজ দ্বারা
iii. সাহসিকতা দ্বারা

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii খ

১৭৯. চৌসার যুদ্ধ সংঘটিত হয়েছিল— (অনুধাবন)
i. শের খানের বিদ্রোহের জন্য
ii. হুমায়ুনের শ্রেষ্ঠত্ব ধরে রাখার জন্য
iii. জামান মির্জার অবরোধের জন্য

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii ক

১৮০. শেরশাহের অন্যতম সংস্কার হচ্ছে—
(অনুধাবন)
i. ভূমি জরিপের ব্যবস্থা
ii. আশরাফি নামক স্বর্ণমুদ্রার প্রচলন
iii. Branding of Horse System চালু

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii ঘ

Teachingbd.com

**উদ্দীপকটি পড়ে ১৮১ ও ১৮২ নং প্রশ্নের উত্তর দাও:**
মঙ্গল সেনাপতি চেংগিস খান তার সেনাবাহিনীকে পিরামিডের ন্যায় ক্রম ধাপে বিন্যস্ত করে পদ ও মর্যাদার বিভিন্ন ধাপ সৃষ্টি করেন। কেননা সামরিক বাহিনীতে শৃঙ্খলা ফিরে আনার জন্য এরূপ ব্যবস্থার প্রয়োজন ছিল। [জয়পুরহাট সরকারি মহিলা কলেজ]

**১৮১. উদ্দীপকে চেংগিস খানের সামরিক ব্যবস্থার সাথে কোন মুঘল সম্রাটের সামরিক ব্যবস্থার মিল আছে?** (অনুধাবন)
ⓚ বাবুর ⓚ হুমায়ুন
ⓖ আকবর ⓖ শাহজাহান **গ**

**১৮২. উদ্দীপকে বর্ণিত সামরিক ব্যবস্থা মুঘল আমলে কী নামে পরিচিত ছিল?** (অনুধাবন)
ক ইকতা খ জায়গির
গ খালসা ঘ মনসবদারি **ঘ**

**উদ্দীপকটি পড়ে ১৮৩ ও ১৮৪ নং প্রশ্নের উত্তর দাও।**
বর্তমান সরকার এল.জি.এস.পি প্রোগ্রামের আওতায় গ্রাম উন্নয়নের জন্য প্রত্যেকটি ইউনিয়নের আওতাধীন গ্রামগুলোকে একটি আলাদা আলাদা প্রশাসনিক ইউনিটে বিভক্ত করেছেন। ফলে একদিকে গ্রামগুলোর উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে এবং ইউনিয়ন পরিষদের কার্যক্রমেও গতিশীলতা বৃদ্ধি পেয়েছে: [সকল বোর্ড ২০১৫]

**১৮৩. উদ্দীপকে উল্লিখিত ব্যবস্থা ভারতবর্ষের কোন শাসক গ্রহণ করেছিলেন?**
ক ফিরোজ শাহ খ শেরশাহ
গ ইব্রাহিম খাঁ ঘ ইসলাম খাঁ **খ**

**১৮৪. উক্ত শাসকের এরূপ ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্য ছিল—**
i. সুষ্ঠ শাসন প্রণয়ন
ii. জনমঙ্গল সাধন
iii. আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**উদ্দীপকটি পড়ে ১৮৫ ও ১৮৬ নং প্রশ্নের উত্তর দাও:**
সিংহাসন আরোহণ করে ইব্রাহিম মাহমুদ তার সাম্রাজ্যে মুদ্রার অব্যবস্থাপনা দূর করার জন্য রৌপ্য ও স্বর্ণমুদ্রার প্রচলন করেন। এছাড়াও তিনি বিভিন্ন মানের মুদ্রা চালু করেন। [আনোয়ারা বিশ্ববিদ্যালয় কলেজ, চট্টগ্রাম]

**১৮৫. উদ্দীপকের ইব্রাহিম মাহমুদের কর্মকাণ্ডের সাথে মুঘল যুগের কোন শাসকের কর্মকাণ্ডের সামঞ্জস্য আছে?** (প্রয়োগ) [আনোয়ারা বিশ্ববিদ্যালয় কলেজ, চট্টগ্রাম]
ক বাবর খ হুমায়ূন
গ শেরশাহ ঘ আকবর **গ**

**১৮৬. বিভিন্ন মানের মুদ্রার মধ্যে ছিল—** (উচ্চতর দক্ষতা) [আনোয়ারা বিশ্ববিদ্যালয় কলেজ, চট্টগ্রাম]
i. আধুলি ii. সিকি
iii. পাঁচ সিকি
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii **ঘ**

**অনুচ্ছেদটি পড়ে ১৮৭ ও ১৮৮ নং প্রশ্নের উত্তর দাও-**
বাংলাদেশে বিভিন্ন ধর্ম ও জাতি গোষ্ঠীর লোক বসবাস করলেও বাংলা নববর্ষসহ বিভিন্ন লোকজ অনুষ্ঠানগুলো তারা একসাথে মিলেমিশে পালন করে। রাষ্ট্র ও সরকার প্রধান প্রত্যেক ধর্মের-ধর্মীয় অনুষ্ঠানগুলোতে একাত্মতা প্রকাশ করে থাকেন। এতে জাতীয় ঐক্য ও সংহতি আরও সুদৃঢ় হয়। [সকল বোর্ড ২০১৫]

**১৮৭. উদ্দীপকে উল্লিখিত সম্প্রীতির এ সম্পর্কটি কোন মুঘল সম্রাটের সময়ে বেশি দেখা গিয়েছিল?** (অনুধাবন)
ক সম্রাট বাবুর খ সম্রাট আকবর
গ সম্রাট জাহাঙ্গীর ঘ সম্রাট আওরঙ্গজেব **খ**

**১৮৮. উক্ত সম্রাটের কাজের মাধ্যমে—** (উচ্চতর দক্ষতা)
i. তার ক্ষমতা সুদৃঢ় হয়
ii. শাসন কাজে হিন্দুদের প্রাধান্য পায়
iii. ধর্মীয় স্বাধীনতা খর্ব হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**উদ্দীপকটি পড়ে ১৮৯ ও ১৯০ নং প্রশ্নের উত্তর দাও:**
'ক' ইউনিয়নের চেয়ারম্যান আমিনুল ইসলাম অন্য একটি ইউনিয়নের এক মেম্বারের মৃত্যু হলে তাঁর স্ত্রী ফিরোজাকে বিবাহ করেন। ফিরোজা অত্যন্ত সুন্দরী ও মহিয়সী হওয়ায় চেয়ারম্যান তাঁর ক্রীড়নকে পরিণত হন। ফিরোজাই ইউনিয়নের সকল কাজকর্ম পরোক্ষভাবে পরিচালনা করতে থাকেন।

**১৮৯. ফিরোজার মিল রয়েছে ইতিহাসের কোন নারীর সাথে?** (প্রয়োগ)
ক সুলতান রাজিয়ার খ মমতাজ মহলের
গ জেবুন্নেসার ঘ নূরজাহানের **ঘ**

**১৯০. উক্ত নারী পারদর্শিনী ছিলেন—** (উচ্চতর দক্ষতা)
i. অশ্বারোহণে
ii. অসি চালনায়
iii. রণকৌশলে
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

Teachingbd.com